03919/14 V.C.-768/14 B 3859/14

भारतीय गैर न्यायिक

एक सौ रुपये Rs. 100

रु. 100 ONE HUNDRED RUPEES

सत्यमेव जयते

भारत INDIA

INDIA NON JUDICIAL

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

R 678305

Certified that the document is admitted to Registration. The signature sheets and the endrosement sheets attached with the document are the part of this document.

District Sub-Register-II
Alipore, South 24 Parganas

- 3 APR 2014

## স্থাবর সম্পত্তির নিঃশর্ত শুভ দানপত্র দলিল

দানপত্র গ্রহীতাঃ-

শ্রী সুব্রত ভান্ডারী, পিতা স্বর্গত সনৎ কুমার ভান্ডারী, জাতি- হিন্দু, পেশা- ব্যবসা, সাং ৬০/৬ জ্যোতিষ রায় রোড, পোঃ নিউ আলিপুর, থানা বেহালা, কলকাতা- ৭০০ ০৫৩।

Maya Bhandari

Sl. No. 7578 Dt. 19 MAR 2014 Rupees 100/-

M/s.Sri/Smt. Pannalal Roy (ADV)

Address.............................................

P. S. Alipore Police Court

Vender.............................................

Kol-27

Santosh Kr. Dey
ALIPUR POLICE COURT
Kolkata - 27

Subrata Bhandari

1932

Subrata Bhandari

MO 1933 A C - 2014

Maya Bhandari

District Sub-Registrar-II, Alipore * South 24-Parganas *

District Sub-Register-II
Alipore, South 24 Parganas

Baishakhi Bhandari

B. Bhandari

Wife of Subrata Bhandari

60/6 Jyotish Ray Road

New Alipore

Kol - 53.

1-2 APR 2014

*...ate of Registration under section 60 and Rule 69.*

...egistered in Book - I
CD Volume number 7
Page from 7142 to 7156
being No 03859 for the year 2014.

(Malay Chakraborty) 07-May-2014
DISTRICT SUB-REGISTRAR-II
Office of the D.S.R. -I I SOUTH 24-PARGANAS
West Bengal

Maya Bhandari

দানপত্র দাত্রীঃ-

**শ্রীমতী মায়া ভান্ডারী**, স্বামী স্বর্গত সনৎ কুমার ভান্ডারী, জাতি- হিন্দু, পেশা- গৃহস্থালী, সাং ৬০/৬ জ্যোতিষ রায় রোড, পোঃ নিউ আলিপুর, থানা বেহালা, কলকাতা- ৭০০ ০৫৩।

কস্য নিম্নের তপশীলে বিশেষ ভাবে বর্নিত ও অত্র দলিল সাথ গ্রথিত নকসায় লাল রঙের রেখার দ্বারা রজ্ঞিত ও প্রদর্শিত স্হানীয় বাংলা মাপে **কমবেশী ০২ দুই কাঠা ০৮ আট ছটাক** বাস্তু জমি মায় তদুপরিস্হিত ইটের দেওয়াল ও টালির ছাউনি যুক্ত **১০০** বর্গ ফুট পরিমিত গৃহাদী মায় যাবতীয় সাজ পাট আকর আওলাতাদী ও উক্ত জমিতে যাতায়াতের রাস্তার সর্ববিধ ইজমেন্ট স্বত্বাদী সহ সম্পত্তি সম্পূর্ন নির্দায় নির্দোষ ও মুক্ত অবস্হায় নিঃশর্ত শুভ দানপত্র দলিল পত্র মিদং কার্য্যাঞ্চাগে

জেলা দক্ষিন ২৪ পরিগনা, পরগনা মাগুরা, থানা বেহালা, সাব রেজিষ্ট্রী অফিস আলিপুর অধূনা এ,ডি,এস,আর বেহালা, সাবকে সাউথ সুবারবান মিউনিসিপ্যালিটী অধূনা দি কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশানের ১১৭ নং ওয়ার্ড ভুক্ত অত্র জেলা কালেকটারীর মহাল ৯৩ নং তৌজি ভুক্ত জেঃ এলঃ নং ৯, রেঃ সাঃ নং ১৮০ মৌজা পুঞ্জ সাহাপুর গ্রামে জমি জমার বর্তমান মালিক পশ্চিম বঙ্গ রাজ্য সরকার পক্ষে দক্ষিন

Maya Bhandari



২৪ পরগনা কালেকটার বাহাদুর অধিন রায়ত দখলি স্বত্ব বিশিষ্ট স্বত্বের ৪০৯ নং খতিয়ান লিখিত ৩৫৭ তিন শত সাতান্ন নং দাগ ভুক্ত কমবেশী ১৭৭ শতক জমি মধ্যে উত্তরাংশে পূর্ব পশ্চিম লম্বা কমবেশী ৯৭ শতক জমি জমা জনৈক সুশীল কুমার মজুমদার, নির্মল কুমার মজুমদার, অমূল্য রতন মজুমদার প্রফুল্ল কুমার মজুমদার মহাশয়গনের স্বত্ব দখলীয় সম্পত্তি ছিল। তাহারা উক্ত জমি জমা খাসে ভোগ দখল করিতে থাকা কালে উক্ত সুশীল কুমার মজুমদার মহাশয় তাহার স্বত্বাংশের সম্পত্তিতে তাহার স্ত্রী শ্রীমতী রমা রাণী মজুমদারকে ওয়ারিশ রাখিয়া পরলোক গমন করেন।

অতঃপর উক্ত শ্রীমতী রমা রাণী মজুমদার মহাশয়া তাহার স্বামীর সূত্রে প্রাপ্ত সম্পত্তি তাহার নিজ খাস দখলে রাখিয়া খাসে ভোগ দখল করিতে থাকা কালে তাহার নগদ টাকার আবশ্যকে উক্ত জমি গত ইংরাজী ১৯৭৪ সালে মোকাম আলিপুর ডিঃ রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রী কৃত ১নং বহির ১৩৭ নং ভল্যুমের ১৫১ হইতে ১৫৮ নং পাতায় লিখিত ৫০৩৬ নং কোবালা মূলে সাং ৬০/৩এ জ্যোতিষ রায় রোড, থানা বেহালা, কলকাতা- ৭০০ ০৫৩ নিবাসী স্বর্গত অশ্বিনী কুমার চক্রবর্ত্তী মহাশয়ের পুত্র শ্রী অনিল কুমার চক্রবর্ত্তী মহাশয়কে মহাশয়কে বিক্রয় করিয়া নিঃস্বত্ব ও দখলহীন হয়েন।

Maya Bhowmik

অতঃপর উক্ত শ্রী অনিল কুমার চক্রবর্ত্তী মহাশয় তাহার খরিদা উক্ত কমবেশী ০২ দুই কাঠা ০৮ আট ছটাক জমি জমার খাস দখল গ্রহন করতঃ উক্ত জমির উপর নিজ অর্থে ও স্বার্থে গৃহাদী নির্মান পূর্বক বসবাস আদি দ্বারা খাসে ভোগ দখল করিতে থাকা কালে তাহার নগদ টাকার আবশ্যকে উক্ত জমি মায় গৃহাদী বিক্রয় করিবার ঘোষণা করিলে আমি অত্র দানপত্র দাত্রী তাহা অবগত হইয়া উক্ত ও নিম্নের তপশীল বর্নিত সম্পত্তি গত ইংরাজী ২৩.০৯.১৯৮১ তারিখে মোকাম আলিপুর ডিঃ রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রী কৃত ১নং বহির ৩৪২ নং ভল্যুমের ২৫৩ হইতে ২৬০ নং পাতায় লিখিত ১০৮৯৭ নং কোবালা মূলে উক্ত শ্রী অনিল কুমার চক্রবর্ত্তী মহাশয়ের নিকট হইতে খরিদ করিয়া তাহার খাস দখল গ্রহন করতঃ উক্ত জমির দরুন দি কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশানে আমার নামে ১১৭ নং ওয়ার্ড ভুক্ত ৩০৯ নং জ্যোতিষ রায় রোড প্রেমিসেস ভুক্ত সম্পত্তি স্বরূপে রেকর্ড ভুক্ত করাইয়া লইয়া ধার্য্য ট্যাকসাদী প্রদান পূর্বক খাসে ভোগ দখল করিয়া আসিতেছি। আমার খরিদা উক্ত কোবালা দলিলে উক্ত শ্রী অনিল কুমার চক্রবর্ত্তী মহাশয়ের পক্ষে নিযুক্ত আমমোক্তার তাহার ভ্রাতা শ্রী অজিত কুমার চক্রবর্ত্তী মহাশয় যথারীতি সহি সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দেন।

তুমি অত্র গ্রহীতা আমার গর্ভজাত পুত্র সন্তান হইতেছ। তুমি ভিন্ন আমার গর্ভে

Maya Bhandari

দুই কন্যা যথা শ্রীমতী শ্বেতা চ্যাটার্জী ও শ্রীমতী শিল্পী আশ জন্ম গ্রহন করিয়াছে। আমার উক্ত দুই কন্যাকেই আমি উপযুক্ত যৌতুকাদি প্রদানে সৎ ও সম্ভ্রান্ত পরিবারে পাত্রস্থ করিয়াছি। তাহারা বর্তমানে তাহাদের নিজ নিজ স্বামী সন্তান লইয়া বিদেশে অর্থাৎ উক্ত শ্রীমতী শ্বেতা ব্যাঙ্গালোরে ও শ্রীমতী শিল্পী মুম্বাই -তে বসবাস করিতেছে। তাহাদের কোন রকম অভাব বা অভিযোগ নাই। সেকারন আমার কন্যাদের জন্য আমার চিন্তার কিছুই নাই। তুমি আমার যাবতীয় দেখাশুনা, ভরন পোষণ চিকিৎসা সমস্ত কিছু করিয়া আসিতেছ। তোমার মাতৃ ভক্তি ও সেবা যত্নে আমি পরম প্রীত ও মুগ্ধ। সেকারন তোমার ভবিষ্যতের কথা চিন্তা করিয়া আমি অত্র দাত্রী আমার স্বত্ব দখলীয় নিম্নের তপশীল বর্নিত ও অত্র দলিল সাথ গ্রথিত নকসায় লাল রঙের রেখার দ্বারা রঞ্জিত ও প্রদর্শিত **কমবেশী ০২ দুই কাঠা ০৮ আট ছটাক** বাস্তু জমি মায় তদুপরিস্থিত ইটের দেওয়াল ও টালির ছাউনি যুক্ত **১০০ বর্গ ফুট** পরিমিত গৃহাদী মায় যাবতীয় সাজ পাট আকর আওলাতাদী ও উক্ত জমিতে যাতায়াতের রাস্তার সর্ববিধ ইজমেন্ট স্বত্বাদী সহ সম্পত্তি যাহার আনুমানিক মূল্য **২,০০,০০০.০০ দুই লক্ষ টাকা** হইতেছে, তাহা তোমাকে নিঃশর্তে দান করিতে মনস্থঃ করিয়া তাহা তোমাকে অবগত করাইলে পর তুমি অত্র দান সানন্দে গ্রহন করিতে সম্মত হওয়ায় আমি অদ্যরোজ তোমার নাম বরাবর এই দানপত্র দলিল লিখিয়া দিয়া ইহাতে সহি সম্পাদন করতঃ প্রকাশ ও প্রচার করিতেছি যে,

Maya Bhandari



দানকৃত সম্পত্তিতে আমার যে সকল স্বত্ব স্বামীত্ব, স্বার্থ, লভ্য, দখল অধিকার, হক, হকিয়ৎ , দাবী দাওয়া ছিল বা আছে তাহা অদ্য হইতে অত্র দানপত্র বলে চিরতরে রদ রহিত বিলুপ্ত ও ধ্বংস হইয়া সর্ব্বোতভাবে তোমাতে বর্তিল ও অর্শ্বিল। তুমি অদ্য হইতে অত্র দানপত্র বলে আমার স্বত্বে স্বত্ববান ও মালিক দখলীকার নিয়ত হইয়া মালেক সরকার সেরেস্হায় ও দি কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশানে আমার নামের স্হলে তোমার নিজ নাম পত্তন করতঃ পুত্র, পৌত্রাদী, ওয়ারিশান গন ক্রমে সকল প্রকার দান বিক্রয় বন্ধকাদীর দ্বারা সর্ব বিধ হস্তান্তর অবস্হান্তর রূপান্তর করনের ক্ষমতা যুক্তে পরম সূখে ভোগ দখল করিতে থাক ও থাকিবে। তাহাতে আমি বা আমার কোন ওয়ারিশ কেহ কোন প্রকার ওজরাপত্তি বা দাবী দাওয়া করিতে পারিব না বা পারিবেক না। করিলেও তাহা অত্র দানপত্র বলে সকল প্রকার অফিস আদালতে বাতিল ও অগ্রাহ্য হইবে।

আরও প্রকাশ থাকে যে দানকৃত সম্পত্তি আমি ইতি পূর্বে কোন প্রকার দান,বিক্রয় বন্ধকাদীর দ্বারা কোন প্রকার হস্তান্তর করি নাই বা উহা বিক্রয় করিবার জন্য কাহারও সহিত কোন চুক্তি বা বায়না করি নাই বা উহাতে কোন মামলা চলিত বা মুলতুবি নাই বা উহা কোন মামলার বিষয় ভুক্ত সম্পত্তি নহে। সম্পূর্ন নির্দায় নির্দোষ ও মুক্ত অবস্হায় আমার খাস দখলে থাকা কালে অত্র তোমাকে দান করিয়া নিঃস্বত্ব ও দখলহীন হইয়া খাস

Maya Bhandari



ও খোলসা দখল বুঝাইয়া দিলাম।

যদি ভবিষ্যতে অত্র দলিলে কোন প্রকার ভুল ভ্রান্তি থাকা প্রকাশ পায় এবং তাহার জন্য কোন সংশোধন দলিল করিবার আবশ্যক হয় তাহাও আমি তোমার তলব মত করিয়া দিতে সম্মত রহিলাম। নাম জারি নাম পত্তন বা অন্য কোন কার্য্যের জন্য যদি আমার দ্বারা কোন প্রকার দরখাস্ত বা সাহায্যের আবশ্যক হয় তাহাও করিয়া দিতে সম্মত রহিলাম।

এতদর্থে সুস্থ শরীরে, সরল মনে, স্বজ্ঞানে. অন্যের বিনানুরোধে অত্র দলিল পাঠ করিয়া ইহার মর্ম সম্যক অবগত হইয়া ইহাতে সহি সম্পাদন করিয়া দিলাম। ইতি তারিখ বাংলা ১৪২০ সালের ১৮ই চৈত্র ইংরাজী ২০১৪ সালের ২রা এপ্রিল

**<u>দানকৃত তপশীল সম্পত্তির পরিচয়</u>**

জেলা দক্ষিন ২৪ পরগনা, পরগনা মাগুরা, থানা বেহালা, সাব রেজিষ্ট্রী অফিস আলিপুর অধূনা এ,ডি,এস,আর বেহালা, সাবকে সাউথ সুবারবান মিউনিসিপ্যালিটী অধূনা দি কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশানের ১১৭ নং ওয়ার্ড ভুক্ত ৩০৯ নং

Maya Bhandari

জ্যোতিষ রায় রোড প্রেমিসেস ভুক্ত অত্র জেলা কালেকটারীর মহাল ৯৩ নং তৌজি ভুক্ত জেঃ এলঃ নং ৯, রেঃ সাঃ নং ১৮০ **মৌজা পুঞ্জ সাহাপুর** গ্রামে জমি জমার বর্তমান মালিক পশ্চিম বঙ্গ রাজ্য সরকার পক্ষে দক্ষিন ২৪ পরগনা কালেকটার বাহাদুর অধিন রায়ত দখলি স্বত্ব বিশিষ্ট স্বত্বের ৪০৯ নং খতিয়ান লিখিত ৩৫৭ তিন শত সাতান্ন নং দাগ ভুক্ত আমার খরিদা পৃথক চিহ্নিত ও অত্র দলিল সাথ গ্রথিত নকসায় লাল রঙের রেখার দ্বারা রঞ্জিতও প্রদর্শিত **কমবেশী ০২ দুই কাঠা ০৮ আট ছটাক** বাস্তু জমি মায় তদুপরিস্হিত ইটের দেওয়াল ও টালির ছাউনি যুক্ত **১০০ বর্গ ফুট** পরিমিত গৃহাদী মায় যাবতীয় সাজ পাট আকর আওলাতাদী ও উক্ত জমিতে যাতায়াতের রাস্তার সর্ববিধ ইজমেন্ট স্বত্বাদী সহ অত্র দলিলের দানকৃত সম্পত্তি হইতেছে। অত্র নকসা অত্র দলিলের একাংশ বলিয়া সর্বত্র গন্য হইবে। দানকৃত সম্পত্তির মূল্য **২,০০,০০০.০০ দুই লক্ষ** টাকা মাত্র।

**ইহার চৌহদ্দিঃ-**

উত্তর ঃ- ১৩ ফুট প্রশস্ত কমন প্যাসেজ

দক্ষিন ঃ- মায়া ভান্ডারী।

পূর্ব ঃ- শ্রীমতী শোভা রাণী চক্রবর্ত্তী।

পশ্চিম ঃ- কার্ত্তিক ভান্ডারী।

Maya Bhandari
(দানপত্র দাত্রীর স্বাক্ষর)

আমি অত্র গ্রহীতা অত্র দান
সানন্দে গ্রহন করিলামঃ-

Subrata Bhandari

(দানপত্র গ্রহীতার স্বাক্ষর)-

ইসাদী ঃ-

1) Baishakhi Bhandari
B Bhandari
60/6 Jyotish Roy Road.
New Alipore
Kol - 53.

2) Bayan Das
28, Ram Swarup
Khettry Road
Kol-53

Pannalal Roy
মুসাবিদাকারক ঃ-
PANNALAL ROY,
Alipore Police Court
Kol-27

অক্ষর বিন্যাসঃ-
শ্রী কার্ত্তিক সাঁতরা
আলিপুর পুলিশ কোর্ট
কলকাতা-২৭।

Government Of West Bengal
Office Of the D.S.R. -I I SOUTH 24-PARGANAS
District:-South 24-Parganas

## Endorsement For Deed Number : I - 03859 of 2014
## (Serial No. 03919 of 2014 and Query No. 1602L000008141 of 2014)

**On 02/04/2014**

**Presentation(Under Section 52 & Rule 22A(3) 46(1),W.B. Registration Rules,1962)**

Presented for registration at 17.30 hrs on :02/04/2014, at the Private residence by Subrata Bhandari ,Claimant.

**Admission of Execution(Under Section 58,W.B.Registration Rules,1962)**

Execution is admitted on 02/04/2014 by

1. Maya Bhandari, wife of Lt. Sanat Kumar Bhandari , 60/6, Jyotish Roy Road, Thana:-Behala, P.O. :-New Alipore, District:-South 24-Parganas, WEST BENGAL, India, Pin :-700053, By Caste Hindu, By Profession : House wife
2. Subrata Bhandari, son of Lt. Sanat Kumar Bhandari , 60/6, Jyotish Roy Road, Thana:-Behala, P.O. :-New Alipore, District:-South 24-Parganas, WEST BENGAL, India, Pin :-700053, By Caste Hindu, By Profession : Business

Identified By Baishakhi Bhandari, wife of Subrata Bhandari, 60/6, Jyotish Roy Road, New Alipore, District:-South 24-Parganas, WEST BENGAL, India, Pin :-700053, By Caste: Hindu, By Profession: Others.

( Malay Chakraborty )
DISTRICT SUB-REGISTRAR-II

**On 03/04/2014**

**Certificate of Admissibility(Rule 43,W.B. Registration Rules 1962)**

Admissible under rule 21 of West Bengal Registration Rule, 1962 duly stamped under schedule 1A, Article number : 33(i), 5 of Indian Stamp Act 1899.

**Payment of Fees:**

Amount by Draft

1. Rs. 31033/- is paid , by the draft number 254927, Draft Date 04/03/2014, Bank Name State Bank of India, TOLLYGUNGE CIRCULAR RD, received on 03/04/2014
2. Rs. 32032/- is paid , by the draft number 254928, Draft Date 04/03/2014, Bank Name State Bank of India, TOLLYGUNGE CIRCULAR RD, received on 03/04/2014

( Under Article : A(1) = 63019/- ,E = 14/- ,H = 28/- ,M(b) = 4/- on 03/04/2014 )

**Certificate of Market Value(WB PUVI rules of 2001)**

Certified that the market value of this property which is the subject matter of the deed has been assessed at Rs.-57,30,000/-

Certified that the required stamp duty of this document is Rs.- 28670 /- and the Stamp duty paid as: Impresive Rs.- 100/-

D.S.R.-II, Alipore * District South 24-Parganas

( Malay Chakraborty )
DISTRICT SUB-REGISTRAR-II

## Government Of West Bengal
### Office Of the D.S.R. -I I SOUTH 24-PARGANAS
### District:-South 24-Parganas

## Endorsement For Deed Number : I - 03859 of 2014
## (Serial No. 03919 of 2014 and Query No. 1602L000008141 of 2014)

### Deficit stamp duty

Deficit stamp duty Rs. 28670/- is paid , by the draft number 254929, Draft Date 04/03/2014, Bank : State Bank of India, TOLLYGUNGE CIRCULAR RD, received on 03/04/2014

( Malay Chakraborty )
DISTRICT SUB-REGISTRAR-II

GIFTED PLAN AT PREMISES NO. 203 JYOTISH

...Y ROAD, WARD NO. 117, KOLKATA-700053.

P.S. BEHALA, MOUZA-PUNJA SAHAPUR

PART OF DAG NO. , KHATIAN NO.

J.L. NO. 9, R.S. NO. , DIST. 24 PGS. (S.)


GIFTED AREA- 2KT.- 8CH.- 00SFT.

SHOWN IN RED BORDER.

DONOR:- MAYA BHANDARI

DONEE:- SUBRATA BHANDARI

SCALE:- 1"=20'-0"




Maya Bhandari

SIG. OF DONOR

Subrata Bhander

SIG. OF DONEE

TRACED BY

SURVEYOR & D/MAN
B. N. NASKAR
P.O.- Moydan P.S.- Joynagar
Regd. No.- 1989/83



| | Thumb | 1st finger | Middle Finger | Ring Finger | Small Finger |
|---|---|---|---|---|---|
| left hand | | | | | |
| right hand | | | | | |

Name ..............................

Signature Maya Bhandari



| | Thumb | 1st finger | Middle Finger | Ring Finger | Small Finger |
|---|---|---|---|---|---|
| left hand | | | | | |
| right hand | | | | | |

Name SUBRATA-BHANDARI

Signature Subrata-Bhandari

PHOTO

| | Thumb | 1st finger | Middle Finger | Ring Finger | Small Finger |
|---|---|---|---|---|---|
| left hand | | | | | |
| right hand | | | | | |

Name ..............................

Signature ..............................

PHOTO

| | Thumb | 1st finger | Middle Finger | Ring Finger | Small Finger |
|---|---|---|---|---|---|
| left hand | | | | | |
| right hand | | | | | |

Name ..............................